বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন
বিটিএমসি ভবন
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

বিজ্ঞপ্তি নং-২৪.০৩.০০০০.১০৫.৩৬৬.১১৪.২৪-৯৮

তারিখঃ ২৫-১২-১৪৩১ বঙ্গাব্দ
০৮-০৪-২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর আওতাধীন বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি) এর প্রধান কার্যালয়ের জন্য নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | জাতীয় বেতন স্কেল ২০১৫ | | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| | | গ্রেড | বেতন স্কেল | | |
| ০১। | উপ সহকারী ব্যবস্থাপক | ৯ | টাকা ২২,০০০-৫৩,০৬০/- | ১টি | সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতকোত্তর ডিগ্রী/ অথবা ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী এবং ডিপ্লোমা ইন পার্সোন্যাল ম্যানেজমেন্ট/ ডিপ্লোমা ইন ইন্ডাস্ট্রিয়াল ম্যানেজমেন্ট। |
| ০২। | উপ-সহকারী প্রকৌশলী (পুর) | ১০ | টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- | ১টি | সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রকৌশলীতে ডিপ্লোমা। সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৩। | সহকারী নিরীক্ষা কর্মকর্তা | ১১ | টাকা ১২,৫০০-৩০,২৩০/- | ২টি | বাণিজ্যি বিভাগে স্যাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৬ (ছয়) বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| ০৪। | হিসাব সহকারী | ১২ | টাকা ১১,৩০০-২৭,৩০০/- | ১টি | কোন সরকারী প্রতিষ্ঠানে অথবা যে কোন বড় শিল্প প্রতিষ্ঠানে অথবা বাণিজ্যিক প্রতিষ্ঠানে বা সেক্টর করপোরেশনে ০৩ (তিন) বৎসরের কাজের অভিজ্ঞতাসহ কমপক্ষে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। |
| ০৫। | এলডিএ-কাম-টাইপিস্ট | ১৬ | টাকা ৯,৩০০-২২,৪৯০/- | ২টি | ইংরেজী ও বাংলা টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ৩৫ ও ২৫ শব্দ সহ কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট। |
| ০৬। | ইলেকট্রিশিয়ান | ১৬ | টাকা ৯,৩০০-২২,৪৯০/- | ১টি | ৯ম শ্রেণী পাশ এবং ট্রেড সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশসহ ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন ট্রেড সার্টিফিকেটধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৭। | গাড়ীচালক | ১৬ | টাকা ৯,৩০০-২২,৪৯০/- | ২টি | সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা এবং ভারী যানবাহন এর ড্রাইভিং লাইসেন্সসহ ৮ম শ্রেণী পাস। যানবাহনের যন্ত্রাংশের রক্ষনাবেক্ষনের জ্ঞান থাকিতে হইবে। |
| ০৮। | অফিস সহায়ক | ২০ | টাকা ৮,২৫০-২০,০১০/- | ৪টি | স্পেশাল বাইসাইকেল চালনায় সমর্থ ৮ম শ্রেণী পাশ। |
| | | | মোটঃ | ১৪ টি | |

**শর্তাবলীঃ**

| | |
|---|---|
| (১) | (ক) প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত আবেদনের নির্ধারিত ফরম বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশনের ওয়েবসাইট (www.btmc.gov.bd.) থেকে ডাউনলোড করে সংগ্রহপূর্বক চেয়ারম্যান, বিটিএমসি বরাবর আবেদন করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি এবং যে কোন তফসিলী ব্যাংক হতে ক্রমিক-১ নং পদের জন্য ২০০/-(দুইশত), ক্রমিক-২ নং পদের জন্য ২০০/-(দুইশত), ক্রমিক-৩ ও ৪ নং পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ), ক্রমিক-৫, ৬ ও ৭ নং পদের জন্য ১০০/-(একশত), ক্রমিক-৮ নং পদের জন্য ৫০/-(পঞ্চাশ) এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) এর জন্য ৫০/- (পঞ্চাশ) মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশনের অনুকূলে সংযুক্ত করতে হবে। |
| | (খ) প্রার্থীকে অবশ্যই ০৯-০৫-২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি বিটিএমসি প্রধান কার্যালয়ে সংরক্ষিত বাক্সে আবেদনপত্র পৌঁছাতে হবে। উক্ত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। |
| | (গ) প্রার্থী যে ঠিকানায় বাছাই পরীক্ষার প্রবেশপত্র পেতে চান উক্ত ঠিকানা সম্বলিত ৪''-১০'' মাপের ১০(দশ) টাকার ডাক টিকেট সম্বলিত ১টি খাম আবেদনপত্রের সংগে প্রেরণ করতে হবে। |
| | (ঘ) প্রার্থীকে খামের উপরে পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। |
| | (ঙ) আবেদনপত্রে ০৯-০৫-২০২৫ তারিখে প্রার্থীর বয়স উল্লেখ করতে হবে। |
| | (চ) সরকারী, আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং এ ক্ষেত্রে আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না। |
| (২) | আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ |
| | (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি (মূল সনদপত্র না থাকলে সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করা যাবে। তবে মৌখিক সাক্ষাৎকার গ্রহনের সময় মূল সনদপত্র দেখাতে হবে)। |
| | (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। |
| | (গ) ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর ও পৌরসভা/ইউনিয়ন পরিষদের মেয়র/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র অথবা জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি। |
| | (ঘ) প্রার্থী মুক্তিযোদ্ধা,মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত কপি অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় উপদেষ্টা/মন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গণ্য হবে না। |
| | (ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধা,মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে মুক্তিযোদ্ধা সনদধারীর নিম্নবর্ণিত তথ্য প্রদান করতে হবেঃ |

| মুক্তিযোদ্ধার নাম | পিতার নাম | নিজ উপজেলা ও জেলা | জন্ম তারিখ | গেজেট ও মুক্তিবার্তার নম্বর | সনদ নম্বর,স্মারক নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|

| | |
|---|---|
| (৩) | আবেদনকারীকে (ক্রমিক নং ১-৫ পর্যন্ত) অবশ্যই কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। |
| (৪) | প্রার্থীর বয়স ০৯-০৫-২০২৫ খ্রিঃ তারিখে ক্রমিক নং ১ হতে ৮ এ বর্ণিত পদের জন্য অনূর্ধ্ব ৩২ বৎসর। |
| (৫) | কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে ( প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম আবেদনপত্রের উপর স্পষ্ট করে লাল কালি দিয়ে লিখতে হবে)। |
| (৬) | আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিটিএমসি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। |
| (৭) | পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা। |

০৮/৪/২৫

(কাজী ফিরোজ হোসেন)
মুখ্য পরিচালন কর্মকর্তা (রুঃদাঃ)
ফোনঃ ৫৫০১৪২৫৮